

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২০.১৮- ০২

তারিখঃ ০১/০১/২০২০ খ্রি:

বিষয় : কর্মসূচির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের বেতনভাতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির স্মারক নং-৫১, তারিখ- ১৬/০১/২০১৯ খ্রিঃ মূলে কর্মসূচির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের প্রতি মাসে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি পরিদর্শনপূর্বক পরিদর্শনকৃত সমিতির WCSসহ নমুনা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণের নির্দেশনা থাকা সত্ত্বেও খুলনা জেলার পাইকগাছা ও যশোর জেলার চৌগাছা উপজেলা হতে প্রতিবেদন পাওয়া যায় নি। এছাড়া যশোর জেলার অভয়নগর উপজেলা হতে অসঙ্গতিপূর্ণ WCSসহ প্রতিবেদন প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, খুলনা জেলার পাইকগাছা ও যশোর জেলার চৌগাছা উপজেলার ক্ষেত্রে কর্মসূচির এআরডিওদেরকে প্রতিবেদন প্রেরণ না করার ও যশোর জেলার অভয়নগর উপজেলার এআরডিওকে অসঙ্গতিপূর্ণ WCSসহ প্রতিবেদন প্রেরণ করার যথোপযুক্ত কারন দাখিল সাপেক্ষে এবং অন্যান্য উপজেলার ক্ষেত্রে প্রতিবেদন দাখিল করায় ডিসেম্বর/২০১৯ মাসের বেতনভাতা প্রদানের জন্য বলা হলো। উল্লেখ্য বর্ণিত ০৩টি উপজেলায় এআরডিওদের জবাব যথোপযুক্ত বিবেচিত হলে বেতনভাতা প্রদানপূর্বক আগামী ০৯/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সমিতি পরিদর্শনের প্রমাণক কর্মসূচির সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ইরেসপো

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ -----

জেলাঃ-----

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (কর্মসূচির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা. ...., জেলাঃ.....।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।